# বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড

অতিঃ প্রধান প্রকৌশলীর দপ্তর
প্রশিক্ষণ ও মানব সম্পদ উন্নয়ন
পানি ভবন, লেভেল-১
৭২, গ্রীন রোড, ঢাকা।
ফোন ঃ +৮৮ ০২ ২২২২৩০০২২

www.bwdb.gov.bd

OFFICE OF THE ADD. CHIEF ENGINEER
TRAINING & HR DEVELOPMENT
PANI BHABON, Level-1
72, GREEN ROAD, DHAKA.
PHONE +88 02 222230022
e-mail : ctsd.bwdb@gmail.com

স্মারক নং-৪২.০১.০০০০.০২৮.০৬.০০১.২১.৯৯৬;　　　　　　　　তারিখঃ ১৩/১২/২০২২ খ্রিঃ।

**বিগত ১২/১২/২২ খ্রিঃ তারিখে সকাল ১০.৩০ ঘটিকায় অতিরিক্ত প্রধান প্রকৌশলী (পুর), প্রশিক্ষণ ও মানব সম্পদ উন্নয়ন, বাপাউবো মহোদয়ের কক্ষে আওতাধীন দপ্তরের সমন্বয়ে অনুষ্ঠিত ২০২২-২৩ অর্থ বছরের বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ডের "সেবা প্রদান প্রতিশ্রুতি (Citizen Charter)" বিষয়ক ২য় ত্রৈমাসিক সভার কার্যবিবরনী।**

বিগত ১২/১২/২২ খ্রিঃ তারিখে সকাল ১০.৩০ ঘটিকায় অতিরিক্ত প্রধান প্রকৌশলী (পুর), প্রশিক্ষণ ও মানব সম্পদ উন্নয়ন, বাপাউবো মহোদয়ের কক্ষে আওতাধীন দপ্তরের সমন্বয়ে ২০২২-২৩ অর্থ বছরের বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ডের "সেবা প্রদান প্রতিশ্রুতি (Citizen Charter)" এর ২য় ত্রৈমাসিক সভা অনুষ্ঠিত হয়। উক্ত সভায় সভাপতিত্ব করেন কমিটির আহবায়ক জনাব মোঃ ওয়াহিদ হোসেন, অতিরিক্ত প্রধান প্রকৌশলী (পুর)(চঃদাঃ), প্রশিক্ষণ ও মানব সম্পদ উন্নয়ন এর দপ্তর, বাপাউবো, ঢাকা। সভার উপস্থিতি তালিকা *সংযুক্তি-০১*। সভার শুরুতে সভাপতি মহোদয় বাপাউবো'র সিটিজেন চার্টারে বর্ণিত সেবাসমূহের বিষয়ে আলোকপাত করেন এবং মন্ত্রীপরিষদ বিভাগ কর্তৃক জারিকৃত সেবা প্রদান প্রতিশ্রুতি কর্মপরিকল্পনা বাস্তবায়ন ও মূল্যায়ন নির্দেশিকা ২০২২-২০২৩ এ অত্র অর্থ-বছরের জন্য বর্ণিত কার্যক্রমের ব্যাপারে মতামত উপস্থাপন করেন। অতঃপর জনাব মোঃ আব্দুল বাছিত, তত্ত্বাবধায়ক প্রকৌশলী (পুর) মহোদয় বাপাউবো'র সেবা প্রদান প্রতিশ্রুতি (Citizen Charter) বিষয়ক প্রশিক্ষণ প্রদানের ব্যাপারে তাঁর বক্তব্য উপস্থাপন করেন। এসময় বাপাউবো'র সিটিজেন চার্টার বিষয়ক লিফলেট উপস্থিত সকলকে সরবরাহ করা হয়। অতঃপর সভাপতি মহোদয় বাপাউবো'র সেবা প্রদান প্রতিশ্রুতি (Citizen Charter) বিষয়ক প্রশিক্ষণ কার্যক্রম জোরদারকরনের বিষয়ে গুরুত্ব আরোপ করেন। সভায় উপস্থিত বিভিন্ন দপ্তর থেকে আগত কর্মকর্তাগণ এই বিষয়ে একমত পোষন করেন। এছাড়া পূর্ববর্তী অর্থ বছরের বৈঠকসমূহের গৃহীত কার্যক্রমের অনুসরন ও অগ্রগতি বিষয়ে সভায় আলোচনা হয়। বিগত সভাসমূহের গৃহীত সিদ্ধান্তসমূহ যথাযথভাবে বাস্তবায়িত হওয়ায় উপস্থিত কর্মকর্তাবৃন্দ সন্তোষ প্রকাশ করে। উল্লিখিত বিষয় সমূহের উপর বিস্তারিত আলোচনা শেষে উপস্থিত সকলের সম্মতিক্রমে নিম্নবর্ণীত সিদ্ধান্ত গ্রহণ করা হয় ঃ

**গৃহীত সিদ্ধান্তসমূহঃ**

১। অত্র ২০২২-২৩ অর্থবছরে বাপাউবো'র প্রশিক্ষণ ইনস্টিটিউটসমূহে সেবা প্রদান প্রতিশ্রুতি (Citizen Charter) বিষয়ক প্রশিক্ষণের আয়োজন করতে হবে।

২। মাঠ পর্যায়ে বাপাউবো'র দপ্তরসমূহে যথাসম্ভব দৃশ্যমান স্থানে বাপাউবো'র সেবা প্রদান প্রতিশ্রুতি (Citizen Charter) প্রদর্শন করতে হবে।

আর কোন আলোচ্যসূচি না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভাপতি মহোদয় সভার সমাপ্তি ঘোষনা করেন।

১৩/১২/২২

**(মোঃ ওয়াহিদ হোসেন)**
অতিরিক্ত প্রধান প্রকৌশলী (পুর)(চঃদাঃ)
প্রশিক্ষণ ও মানব সম্পদ উন্নয়ন
বাপাউবো, ঢাকা।
ও আহ্বায়ক, উক্ত কমিটি।

স্মারক নং-৪২.০১.০০০০.০২৮.০৬.০০১.২১.৯৯৬.১(৫); তারিখঃ ১৩/১২/২০২২ খ্রিঃ।

**বিতরন (জ্যেষ্ঠ্যতার ভিত্তিতে নয়)ঃ**

০১। তত্ত্বাবধায়ক প্রকৌশলী (পুর), প্রসেসিং পরিদপ্তর, বাপাউবো, ঢাকা ও সদস্য-সচিব, সেবা প্রদান প্রতিশ্রুতি পরিবীক্ষণ কমিটি।

০২। সি,এস,ও টু মহাপরিচালক, বাপাউবো, ঢাকা (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।

০৩। সিনিয়র সিস্টেম এনালিস্ট, কেন্দ্রীয় আইসিটি পরিদপ্তর, বাপাউবো, ঢাকা (কার্যবিবরনীটি বোর্ডের ওয়েবসাইটে সেবা প্রদান প্রতিশ্রুতি সংক্রান্ত সেবাবক্সে আপলোডের জন্য অনুরোধ জানানো হলো)।

০৪। ব্যক্তিগত সহকারী, অতিরিক্ত মহাপরিচালক (প্রশাসন), বাপাউবো, ঢাকা।

০৫। অফিস কপি/মাস্টার কপি।

13/12/22

**(মোঃ মঈনুল ইসলাম)**
সহকারী পরিচালক (প্রশাসন)
প্রশিক্ষণ ও মানব সম্পদ উন্নয়ন
বাপাউবো, ঢাকা।

# বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড

## আওতাধীন দপ্তরসমূহের সমন্বয়ে "সেবা প্রদান প্রতিশ্রুতি (Citizen Charter)" বিষয়ক ২য় ত্রৈমাসিক সভা

তারিখঃ ১২ ডিসেম্বর, ২০২২ ইং।

স্থানঃ অতিঃ প্রধান প্রকৌশলী (পুর), প্রশিক্ষণ ও মানব সম্পদ উন্নয়ন মহোদয়ের কক্ষ (পানি ভবন, লেভেল-১, রুম-১০৭)

হাজিরা বিবরনী

| নাম ও পদবী | অফিস | স্বাক্ষর |
|---|---|---|
| মোঃ ওবায়দুল হোসেন<br>অতিঃ প্রধান প্রকৌঃ (পুর) চঃদাঃ | প্রধান, প্রশিক্ষণ ও মানব সম্পদ উন্নয়ন, | [signature] ১২/১২/22 |
| মুবাশ্বির আহমেদ খান রাফাত,<br>সহকারী প্রকৌশলী (পুর) | মানব সম্পদ উন্নয়ন পরিদপ্তর,<br>জনবল শাখা | MAKhan<br>১২.১২.২০২২ |
| মাহমুদুর রহমান<br>সহকারী পরিচালক (প্রশা.) | মানব সম্পদ উন্নয়ন পরিদপ্তর, | [signature] ১২/১২/2022 |
| মোঃ খায়রুল ইসলাম<br>সহকারী পরিচালক (প্রশাসন) | মানব সম্পদ উন্নয়ন পরিদপ্তর, | [signature] ১২/১২/২২ |
| মোস্তফা আল আমীন<br>সহকারী পরিচালক (প্রশাসন) | প্রধান পানি ব্যবস্থাপনার দপ্তর | Mostafa<br>১২/১২/2022 |
| মোঃ আব্দুর রশীদ<br>উপ-পরিচালক | প্রশিক্ষণ পরিদপ্তর | [signature]<br>১২/১২/22 |
| প্রতীক রায়<br>সহঃ পরিচালক | প্রশিক্ষণ পরিদপ্তর | [signature]<br>১২/১২/২২ |
| মোঃ আব্দুল কাদির<br>উঃ প্রকৌশলী | 7 ডিজাইন সার্কেল -২, | [signature] ১২/১২/২২ |
| মোঃ রুবেল মিয়া | মানব সম্পদ উন্নয়ন পরিদপ্তর | Rubel ১২/১২/২২ |
| মোঃ মইনুল ইসলাম<br>সহঃ পরিচালক | প্রশিক্ষণ ও মানব সম্পদ উন্নয়ন | [signature] ১২/১২/22 |
| | | |
| | | |

# সভা চলাকালীন কিছু মূহুর্ত









